দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 8 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮

144

## বরিশাল সিটি কলেজের অধ্যক্ষের অন্তর্বর্তীকালীন জামিন লাভ

বরিশাল অফিস ।। সিটি কলেজের অধ্যক্ষ আবদুর রশীদ খান গত সোমবার দায়রা জজ আদালতে আত্মসমর্পণ করিয়া অর্ন্তবর্তীকালীন জামিন প্রর্থনা করিলে বিচারক মোঃ আরায়েশ উদ্দিন প্রার্থনা মঞ্জুর করেন। বিচারক আসামীকে আগামী ১৫ দিনের মধ্যে নিম্ন আদালত হইতে শুনানি শেষে নিয়মিত জামিন গ্রহণের জন্য ঐ আদালতে আত্মসমর্পণের নির্দেশ দেন। কলেজের তিনলক্ষ ৭৫ হাজার টাকা ব্যাংক হইতে তলিয়া আত্মসাতের অভিযোগে ভাবপ্রাপ্ত অধ্যক্ষ রশীদ খানের বিরুদ্ধে কোতয়ালী থানায় ২৭শে মার্চ মামলা দায়ের করিয়াছিলেন। অপর একটি দূর্নীতি মামলায়ও রশীদ খান জামিনে আছেন। ঐ মামলায় তাহার বিরুদ্ধে কলেজের ১৩ লক্ষাধিক টাকা আত্মসাৎ ও আত্মসাতের অপচেষ্টার অভিযোগ রহিয়াছে। প্রথম মামলার ভিত্তিতে কলেজ গভর্নির বডির চেয়ারম্যান ও জেলা প্রশাসন তাহাকে সাসপেণ্ড করেন। হাইকোর্ট সাসপেণ্ড নির্দেশের উপর স্থগিতাদেশ ঘোষণা দিয়াছে।